গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৮০

তারিখ : ১৭ ফাল্গুন ১৪৩২ / ০২ মার্চ ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে খরিপ-১ মৌসুমে উফশী আউশ বীজের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.৫৭২, তারিখ: ১৬-০২-২০২৬খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৭৯, তারিখ: ০১-০৩-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ-১ মৌসুমে উফশী আউশ বীজের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বীজ ও সার বিতরণের প্রণোদনা কর্মসূচি বাবদ ৭৬৭৫.০০ লক্ষ (ছিয়াত্তর কোটি পঁচাত্তর লক্ষ) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন; ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:

**এ প্রণোদনা কর্মসূচির কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:**

| ক্র. নং | উপকরণ/খাত | | কৃষক প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ৫ | ৬৭ | ৩৩৫.০০ |
| ২ | সার | ক) ডিএপি | ১০ | ১৯.০০ | ১৯০.০০ |
| | | খ) এমওপি | ১০ | ১৮.০০ | ১৮০.০০ |
| | | উপমোট | ২৫.০০ (কেজি) | | |
| ৩ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ৩৭.৫০ |
| ৪ | আনুষংগিক ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ২৫.০০ |
| ৫ | | মোট= | | | ৭৬৭.৫০ |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র: নং | জেলার নাম | উপকার ভোগী কৃষকের সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজের পরিমান (মে.টন) | ডিএপি | এমওপি | মোট সার | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | ঢাকা | ১৭০০ | ৮.৫০ | ১৭.০০ | ১৭.০০ | ৩৪.০০ | ৫.৬৯৫ | ৩.২৩ | ৩.০৬ | ৬.২৯ | ০.৬৩৭৫ | ০.৪২৫০০ | ১.০৬২৫ | ১৩.০৪৭৫০ |
| ২ | নারায়ণগঞ্জ | ২৭০০ | ১৩.৫০ | ২৭.০০ | ২৭.০০ | ৫৪.০০ | ৯.০৪৫ | ৫.১৩ | ৪.৮৬ | ৯.৯৯ | ১.০১২৫০ | ০.৬৭৫০০ | ১.৬৮৭৫ | ২০.৭২২৫০ |
| ৩ | গাজীপুর | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৬.০৩০ | ৩.৪২ | ৩.২৪ | ৬.৬৬ | ০.৬৭৫০ | ০.৪৫০০০ | ১.১২৫০০ | ১৩.৮১৫০০ |
| ৪ | নরসিংদী | ৩৪০০ | ১৭.০০ | ৩৪.০০ | ৩৪.০০ | ৬৮.০০ | ১১.৩৯০ | ৬.৪৬ | ৬.১২ | ১২.৫৮ | ১.২৭৫০০ | ০.৮৫০০০ | ২.১২৫০ | ২৬.০৯৫০০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ২১০০ | ১০.৫০ | ২১.০০ | ২১.০০ | ৪২.০০ | ৭.০৩৫ | ৩.৯৯ | ৩.৭৮ | ৭.৭৭ | ০.৭৮৭৫ | ০.৫২৫০০ | ১.৩১২৫ | ১৬.১১৭৫০ |
| ৬ | মানিকগঞ্জ | ৩৬০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩৬.০০ | ৭২.০০ | ১২.০৬০ | ৬.৮৪ | ৬.৪৮ | ১৩.৩২ | ১.৩৫০ | ০.৯০০ | ২.২৫০০ | ২৭.৬৩০০০ |
| ৭ | টাঙ্গাইল | ৩৬০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩৬.০০ | ৭২.০০ | ১২.০৬০ | ৬.৮৪ | ৬.৪৮ | ১৩.৩২ | ১.৩৫০ | ০.৯০০ | ২.২৫০০ | ২৭.৬৩০০০ |
| ৮ | কিশোরগঞ্জ | ২৭০০০ | ১৩৫.০০ | ২৭০.০০ | ২৭০.০০ | ৫৪০.০০ | ৯০.৪৫০ | ৫১.৩০ | ৪৮.৬০ | ৯৯.৯০ | ১০.১২৫০ | ৬.৭৫০ | ১৬.৮৭৫ | ২০৭.২২৫০ |
| ৯ | ময়মনসিংহ | ১৬০০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৫৩.৬০০ | ৩০.৪০ | ২৮.৮০ | ৫৯.২০ | ৬.০০ | ৪.০০ | ১০.০০ | ১২২.৮০০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজের পরিমান (মে.টন) | ডিএপি | এমওপি | মোট সার | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ১০ | জামালপুর | ৬০০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১২০.০০ | ২০.১০০ | ১১.৪০ | ১০.৮০ | ২২.২০ | ২.২৫০ | ১.৫০ | ৩.৭৫০ | ৪৬.০৫০ |
| ১১ | শেরপুর | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৩.৪০০ | ৭.৬০ | ৭.২০ | ১৪.৮০ | ১.৫০০ | ১.০০ | ২.৫০ | ৩০.৭০০ |
| ১২ | নেত্রকোনা | ৩৬০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩৬.০০ | ৭২.০০ | ১২.০৬০ | ৬.৮৪ | ৬.৪৮ | ১৩.৩২ | ১.৩৫০ | ০.৯০০ | ২.২৫০০ | ২৭.৬৩০০ |
| ১৩ | কুমিল্লা | ১১৬৭০০ | ৫৮৩.৫০ | ১১৬৭.০০ | ১১৬৭.০ | ২৩৩৪.০ | ৩৯০.৯৪৫ | ২২১.৭৩ | ২১০.০৬ | ৪৩১.৭৯ | ৪৩.৭৬২৫ | ২৯.১৭৫০ | ৭২.৯৩৭৫ | ৮৯৫.৬৭২৫ |
| ১৪ | চাঁদপুর | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৬.০৩০ | ৩.৪২ | ৩.২৪ | ৬.৬৬ | ০.৬৭৫০ | ০.৪৫০০ | ১.১২৫০০ | ১৩.৮১৫০০ |
| ১৫ | ব্রাহ্মণবাড়িয়া | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৬.৯০০ | ২৬.৬০ | ২৫.২০ | ৫১.৮০ | ৫.২৫০০ | ৩.৫০০ | ৮.৭৫০০ | ১০৭.৪৫০০ |
| ১৬ | সিলেট | ৩০০০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৬০০.০০ | ১০০.৫০০ | ৫৭.০০ | ৫৪.০০ | ১১১.০০ | ১১.২৫০০ | ৭.৫০০ | ১৮.৭৫০ | ২৩০.২৫০০ |
| ১৭ | মৌলভীবাজার | ৪৫০০০ | ২২৫.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৯০০.০০ | ১৫০.৭৫০ | ৮৫.৫০ | ৮১.০০ | ১৬৬.৫০ | ১৬.৮৭৫ | ১১.২৫০০ | ২৮.১২৫ | ৩৪৫.৩৭৫ |
| ১৮ | হবিগঞ্জ | ৪০০০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৮০০.০০ | ১৩৪.০০০ | ৭৬.০০ | ৭২.০০ | ১৪৮.০০ | ১৫.০০ | ১০.০০ | ২৫.০০ | ৩০৭.০০০ |
| ১৯ | সুনামগঞ্জ | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৬.৮০০ | ১৫.২০ | ১৪.৪০ | ২৯.৬০ | ৩.০০০ | ২.০০ | ৫.০০ | ৬১.৪০০ |
| ২০ | চট্টগ্রাম | ২৬০০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ২৬০.০০ | ৫২০.০০ | ৮৭.১০০ | ৪৯.৪০ | ৪৬.৮০ | ৯৬.২০ | ৯.৭৫০ | ৬.৫০০ | ১৬.২৫০ | ১৯৯.৫৫০০ |
| ২১ | কক্সবাজার | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩৩.৫০০ | ১৯.০০ | ১৮.০০ | ৩৭.০০ | ৩.৭৫০ | ২.৫০০ | ৬.২৫০০ | ৭৬.৭৫০০০ |
| ২২ | নোয়াখালী | ২৫০০০ | ১২৫.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ৮৩.৭৫০ | ৪৭.৫০ | ৪৫.০০ | ৯২.৫০ | ৯.৩৭৫০ | ৬.২৫০ | ১৫.৬২৫ | ১৯১.৮৭৫০ |
| ২৩ | ফেনী | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪০.২০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৯২.১০০ |
| ২৪ | লক্ষীপুর | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৬.৯০০ | ২৬.৬০ | ২৫.২০ | ৫১.৮০ | ৫.২৫০ | ৩.৫০০ | ৮.৭৫০০ | ১০৭.৪৫০০ |
| ২৫ | রাংগামাটি | ২৫০০ | ১২.৫০ | ২৫.০০ | ২৫.০০ | ৫০.০০ | ৮.৩৭৫ | ৪.৭৫ | ৪.৫০ | ৯.২৫ | ০.৯৩৭৫ | ০.৬২৫০০ | ১.৫৬২৫ | ১৯.১৮৭৫০ |
| ২৬ | খাগরাছড়ি | ২৫০০ | ১২.৫০ | ২৫.০০ | ২৫.০০ | ৫০.০০ | ৮.৩৭৫ | ৪.৭৫ | ৪.৫০ | ৯.২৫ | ০.৯৩৭৫ | ০.৬২৫০০ | ১.৫৬২৫ | ১৯.১৮৭৫০ |
| ২৭ | বান্দরবন | ৭৬০০ | ৩৮.০০ | ৭৬.০০ | ৭৬.০০ | ১৫২.০০ | ২৫.৪৬০ | ১৪.৪৪ | ১৩.৬৮ | ২৮.১২ | ২.৮৫০০ | ১.৯০০ | ৪.৭৫০০০ | ৫৮.৩৩০০ |
| ২৮ | রাজশাহী | ৩৭০০০ | ১৮৫.০০ | ৩৭০.০০ | ৩৭০.০০ | ৭৪০.০০ | ১২৩.৯৫ | ৭০.৩০ | ৬৬.৬০ | ১৩৬.৯০ | ১৩.৮৭৫ | ৯.২৫০ | ২৩.১২৫ | ২৮৩.৯৭৫ |
| ২৯ | নওগাঁ | ৬৬০০০ | ৩৩০.০০ | ৬৬০.০০ | ৬৬০.০০ | ১৩২০.০ | ২২১.১০০ | ১২৫.৪০ | ১১৮.৮০ | ২৪৪.২০ | ২৪.৭৫০ | ১৬.৫০০ | ৪১.২৫০০ | ৫০৬.৫৫০০ |
| ৩০ | নাটোর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪০.২০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০ | ৪.৫০ | ৩.০০ | ৭.৫০০ | ৯২.১০০ |
| ৩১ | চাঁপাইনবাবগঞ্জ | ৩১০০০ | ১৫৫.০০ | ৩১০.০০ | ৩১০.০০ | ৬২০.০০ | ১০৩.৮৫ | ৫৮.৯০ | ৫৫.৮০ | ১১৪.৭০ | ১১.৬২৫ | ৭.৭৫০ | ১৯.৩৭৫ | ২৩৭.৯২৫ |
| ৩২ | বগুড়া | ২১০০০ | ১০৫.০০ | ২১০.০০ | ২১০.০০ | ৪২০.০০ | ৭০.৩৫০ | ৩৯.৯০ | ৩৭.৮০ | ৭৭.৭০ | ৭.৮৭৫০০ | ৫.২৫০ | ১৩.১২৫০ | ১৬১.১৭৫০০ |
| ৩৩ | জয়পুরহাট | ১২০০ | ৬.০০ | ১২.০০ | ১২.০০ | ২৪.০০ | ৪.০২০ | ২.২৮ | ২.১৬ | ৪.৪৪ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০০০ | ৯.২১০০ |
| ৩৪ | পাবনা | ১৮০০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ | ৩৬০.০০ | ৬০.৩০০ | ৩৪.২০ | ৩২.৪০ | ৬৬.৬০ | ৬.৭৫০০ | ৪.৫০০ | ১১.২৫০০ | ১৩৮.১৫০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৪৬০০ | ২৩.০০ | ৪৬.০০ | ৪৬.০০ | ৯২.০০ | ১৫.৪১০ | ৮.৭৪ | ৮.২৮ | ১৭.০২ | ১.৭২৫০ | ১.১৫০০ | ২.৮৭৫০০ | ৩৫.৩০৫০ |
| ৩৬ | রংপুর | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩৩.৫০০ | ১৯.০০ | ১৮.০০ | ৩৭.০০ | ৩.৭৫০০ | ২.৫০০ | ৬.২৫০০০ | ৭৬.৭৫০ |
| ৩৭ | গাইবান্ধা | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪৩.৫৫০ | ২৪.৭০ | ২৩.৪০ | ৪৮.১০ | ৪.৮৭৫০ | ৩.২৫০০ | ৮.১২৫০ | ৯৯.৭৭৫০ |
| ৩৮ | কুড়িগ্রাম | ৫৮০০ | ২৯.০০ | ৫৮.০০ | ৫৮.০০ | ১১৬.০০ | ১৯.৪৩০ | ১১.০২ | ১০.৪৪ | ২১.৪৬ | ২.১৭৫০০ | ১.৪৫০ | ৩.৬২৫০ | ৪৪.৫১৫০ |
| ৩৯ | লালমনিরহাট | ৪৭০০ | ২৩.৫০ | ৪৭.০০ | ৪৭.০০ | ৯৪.০০ | ১৫.৭৪৫ | ৮.৯৩ | ৮.৪৬ | ১৭.৩৯ | ১.৭৬২৫০ | ১.১৭৫০ | ২.৯৩৭৫ | ৩৬.০৭২৫০ |
| ৪০ | নীলফামারী | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৬.০৩০ | ৩.৪২ | ৩.২৪ | ৬.৬৬ | ০.৬৭৫০০ | ০.৪৫০ | ১.১২৫০০ | ১৩.৮১৫০০ |
| ৪১ | দিনাজপুর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪০.২০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০ | ৪.৫০ | ৩.০০০ | ৭.৫০০ | ৯২.১০০ |
| ৪২ | ঠাকুরগাঁও | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪৩.৫৫০ | ২৪.৭০ | ২৩.৪০ | ৪৮.১০ | ৪.৮৭৫০ | ৩.২৫০ | ৮.১২৫০০ | ৯৯.৭৭৫ |
| ৪৩ | পঞ্চগড় | ১৫০০ | ৭.৫০ | ১৫.০০ | ১৫.০০ | ৩০.০০ | ৫.০২৫ | ২.৮৫ | ২.৭০ | ৫.৫৫ | ০.৫৬২৫ | ০.৩৭৫০ | ০.৯৩৭৫০ | ১১.৫১২৫০ |
| ৪৪ | যশোর | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৬.৯০০ | ২৬.৬০ | ২৫.২০ | ৫১.৮০ | ৫.২৫০০০ | ৩.৫০০ | ৮.৭৫০ | ১০৭.৪৫০ |
| ৪৫ | ঝিনাইদহ | ৩৫০০০ | ১৭৫.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৭০০.০০ | ১১৭.২৫০ | ৬৬.৫০ | ৬৩.০০ | ১২৯.৫০ | ১৩.১২৫০ | ৮.৭৫০ | ২১.৮৭৫০ | ২৬৮.৬২৫০ |
| ৪৬ | মাগুড়া | ৮৭০০ | ৪৩.৫০ | ৮৭.০০ | ৮৭.০০ | ১৭৪.০০ | ২৯.১৪৫ | ১৬.৫৩ | ১৫.৬৬ | ৩২.১৯ | ৩.২৬২৫০ | ২.১৭৫০ | ৫.৪৩৭৫০ | ৬৬.৭৭২৫০ |
| ৪৭ | কুষ্টিয়া | ৩০০০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৬০০.০০ | ১০০.৫০০ | ৫৭.০০ | ৫৪.০০ | ১১১.০০ | ১১.২৫০০ | ৭.৫০ | ১৮.৭৫০০ | ২৩০.২৫০০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ৩৫০০০ | ১৭৫.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৭০০.০০ | ১১৭.২৫০ | ৬৬.৫০ | ৬৩.০০ | ১২৯.৫০ | ১৩.১২৫০ | ৮.৭৫০ | ২১.৮৭৫০ | ২৬৮.৬২৫০ |
| ৪৯ | মেহেরপুর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪০.২০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০ | ৪.৫০ | ৩.০০ | ৭.৫০ | ৯২.১০ |
| ৫০ | খুলনা | ৫৭০০ | ২৮.৫০ | ৫৭.০০ | ৫৭.০০ | ১১৪.০০ | ১৯.০৯৫ | ১০.৮৩ | ১০.২৬ | ২১.০৯ | ২.১৩৭৫০ | ১.৪২৫০০ | ৩.৫৬২৫ | ৪৩.৭৪৭৫০ |
| ৫১ | বাগেরহাট | ৫৭০০ | ২৮.৫০ | ৫৭.০০ | ৫৭.০০ | ১১৪.০০ | ১৯.০৯৫ | ১০.৮৩ | ১০.২৬ | ২১.০৯ | ২.১৩৭৫০ | ১.৪২৫০০ | ৩.৫৬২৫ | ৪৩.৭৪৭৫০ |
| ৫২ | সাতক্ষীরা | ৬৯০০ | ৩৪.৫০ | ৬৯.০০ | ৬৯.০০ | ১৩৮.০০ | ২৩.১১৫ | ১৩.১১ | ১২.৪২ | ২৫.৫৩ | ২.৫৮৭৫০ | ১.৭২৫০০ | ৪.৩১২৫০ | ৫২.৯৫৭৫০ |
| ৫৩ | নড়াইল | ৯২০০ | ৪৬.০০ | ৯২.০০ | ৯২.০০ | ১৮৪.০০ | ৩০.৮২০ | ১৭.৪৮ | ১৬.৫৬ | ৩৪.০৪ | ৩.৪৫০০০ | ২.৩০০ | ৫.৭৫০ | ৭০.৬১০০০ |
| ৫৪ | বরিশাল | ৪৬০০ | ২৩.০০ | ৪৬.০০ | ৪৬.০০ | ৯২.০০ | ১৫.৪১০ | ৮.৭৪ | ৮.২৮ | ১৭.০২ | ১.৭২৫০০ | ১.১৫০ | ২.৮৭৫০০ | ৩৫.৩০৫০০ |
| ৫৫ | পিরোজপুর | ১৮০০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ | ৩৬০.০০ | ৬০.৩০০ | ৩৪.২০ | ৩২.৪০ | ৬৬.৬০ | ৬.৭৫০০০ | ৪.৫০০ | ১১.২৫০০ | ১৩৮.১৫০০০ |
| ৫৬ | ঝালকাঠি | ১১৫০০ | ৫৭.৫০ | ১১৫.০০ | ১১৫.০০ | ২৩০.০০ | ৩৮.৫২৫ | ২১.৮৫ | ২০.৭০ | ৪২.৫৫ | ৪.৩১২৫০ | ২.৮৭৫০০ | ৭.১৮৭৫০ | ৮৮.২৬২৫০ |
| ৫৭ | পটুয়াখালী | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৪০.২০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০ | ৪.৫০০ | ৩.০০ | ৭.৫০০ | ৯২.১০ |
| ৫৮ | বরগুনা | ৪০০০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৮০০.০০ | ১৩৪.০০০ | ৭৬.০০ | ৭২.০০ | ১৪৮.০০ | ১৫.০০ | ১০.০০ | ২৫.০০ | ৩০৭.০০ |
| ৫৯ | ভোলা | ৪৭০০০ | ২৩৫.০০ | ৪৭০.০০ | ৪৭০.০০ | ৯৪০.০০ | ১৫৭.৪৫০ | ৮৯.৩০ | ৮৪.৬০ | ১৭৩.৯০ | ১৭.৬২৫০ | ১১.৭৫০ | ২৯.৩৭৫ | ৩৬০.৭২৫০ |

| ক্র: নং | জেলার নাম | উপকার ভোগী কৃষকের সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজের পরিমান (মে.টন) | ডিএপি | এমওপি | মোট সার | ‘৩২৫১১০৯-বীজ ও চারা’ | ‘৩২৫১১০৫-সার’ | | | ‘৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান’ | | | |
| | | | | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ৬০ | ফরিদপুর | ৩৫০০ | ১৭.৫০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৭০.০০ | ১১.৭২৫ | ৬.৬৫ | ৬.৩০ | ১২.৯৫ | ১.৩১২৫০ | ০.৮৭৫০ | ২.১৮৭৫০ | ২৬.৮৬২৫০ |
| ৬১ | মাদারীপুর | ২৫০০ | ১২.৫০ | ২৫.০০ | ২৫.০০ | ৫০.০০ | ৮.৩৭৫ | ৪.৭৫ | ৪.৫০ | ৯.২৫ | ০.৯৩৭৫০ | ০.৬২৫০ | ১.৫৬২৫০ | ১৯.১৮৭৫০ |
| ৬২ | গোপালগঞ্জ | ২৫০০ | ১২.৫০ | ২৫.০০ | ২৫.০০ | ৫০.০০ | ৮.৩৭৫ | ৪.৭৫ | ৪.৫০ | ৯.২৫ | ০.৯৩৭৫০ | ০.৬২৫০ | ১.৫৬২৫০ | ১৯.১৮৭৫০ |
| ৬৩ | রাজবাড়ী | ৬০০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১২০.০০ | ২০.১০০ | ১১.৪০ | ১০.৮০ | ২২.২০ | ২.২৫০ | ১.৫০ | ৩.৭৫০০০ | ৪৬.০৫০০০ |
| ৬৪ | শরীয়তপুর | ৭০০০ | ৩৫.০০ | ৭০.০০ | ৭০.০০ | ১৪০.০০ | ২৩.৪৫০ | ১৩.৩০ | ১২.৬০ | ২৫.৯০ | ২.৬২৫০ | ১.৭৫০ | ৪.৩৭৫০০ | ৫৩.৭২৫০০ |
| | মোট= | ১০০০০০০ | ৫০০০.০০ | ১০০০০.০০ | ১০০০০.০ | ২০০০০.০ | ৩৩৫০.০ | ১৯০০.০০ | ১৮০০.০০ | **৩৭০০.০০** | ৩৭৫.০০ | ২৫০.০০ | **৬২৫.০০** | **৭৬৭৫.০০** |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA’ ২০০৬ ও PPR’ ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের উফশী আউশ বীজ ফসল আবাদের জমি এবং চলতি খরিফ মৌসুমে উফশী আউশ বীজ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ইউনিয়নভিত্তিক বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে উফশী আউশ বীজ চাষাবাদের উপর্যুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর ‘কৃষক তথ্য ছক’ পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৬. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে উফশী আউশ ধানের চাষে সর্বাধিক ১ (এক) বিঘা জমির জন্য সহায়তা প্রদান করা যাবে;

৭. খরিপ-১/২০২৫-২৬ মৌসুমে উফশী আউশ চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, আউশ চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক উফশী আউশ চাষের জন্য ৫ কেজি করে উফশী আউশ ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি সার ও ১০ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন;

৮. উফশী আউশ ফসলের ক্ষেত্রে কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

৯. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী আউশ ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ উফশী বিএডিসি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী আউশ ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. প্রতি ব্লকে উফশী আউশ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে;

১২. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

১৩. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৪. কর্মসূচির ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইল যোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৫. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল যোগে** (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

১৬. **সার, বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৭. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

১৮. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ/ সার সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২. ৮০

তারিখ : ১৭ ফাল্গুন ১৪৩২ / ০২ মার্চ ২০২৬

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২/০৩/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব